

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬.৩৯

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বর্ষাব্দ মেয়াদে রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন "বিলসুতি বিল (বদ্ধ)" জলমহাল ইজারা সংক্রান্ত।

সূত্র: গত ২৬ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৮৯(উন্নয়নবহিঃ)তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৮৯(উন্নয়নবহিঃ)তম সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন "বিলসুতি বিল (বদ্ধ)" জলমহাল ইজারার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"(ক) রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন "বিলসুতি বিল (বদ্ধ)" জলমহালটির উপর গত ২৮.১২.২০২৫ তারিখে মহামান্য সুপ্রিম কোর্ট এর হাইকোর্ট বিভাগ ১৮২৯১/২০২৫ নম্বর রিট পিটিশন মামলায় স্থগিতাদেশ প্রদান করায় আপাতত জলমহালটির ইজারা কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। স্থগিতাদেশ প্রত্যাহার বা মামলা নিষ্পত্তি সাপেক্ষে বর্ণিত জলমহালটির ইজারা সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, রাজশাহীর পুনরায় প্রতিবেদন প্রেরণের ভিত্তিতে সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

"(খ) ২৮.১২.২০২৫ তারিখ মহামান্য আদালত কর্তৃক ১৮২৯১/২০২৫ নম্বর রিট পিটিশন মামলার আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে দ্রুত নিষ্পত্তি করার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, রাজশাহীকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হলো।"

২। ৮৯(উন্নয়নবহিঃ)তম সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ রুহুল আমীন)
উপসচিব

ফোন+৮৮-০২-৫৫১০১২৩১

e-mail: sairatl@minland.gov.bd

জেলা প্রশাসক
রাজশাহী।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬.৩৯/১(১০)

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী।
২. যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সভাপতি/সম্পাদক, নন্দনপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, উপজেলা:-বাগমারা, রাজশাহী।
৮. সভাপতি/সম্পাদক, উত্তর বাগমারা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, উপজেলা:-বাগমারা, রাজশাহী।
৯. সভাপতি/সম্পাদক, দ্বীপপুর একতা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, উপজেলা:-বাগমারা, রাজশাহী।
১০. অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ রুহুল আমীন)

উপসচিব